গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
আইসিটি শাখা
(bogura.gov.bd)

**২০২৫-২০২৬ অর্থ বছরের মার্চ ২০২৬ মাসের জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া |
| সভার তারিখ | ১৫ মার্চ ২০২৬ খ্রি. |
| সভার সময় | দুপুর ১:৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার সম্মেলন কক্ষ ‘করতোয়া’ |
| উপস্থিতি | পরিশিষ্ঠ ‘ক’ |

সভাপতি কর্তৃক জেলা পর্যায়ের নবগঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর সভাপতি'র অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া কর্তৃক পূর্ববর্তী ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ইনোভেশন টিমের কার্যপরিধি পড়ে শোনানো হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা হয়।

আলোচনা:

আলোচনাকালে সভাপতি কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অতিসত্বর প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়। জেলা পর্যায়ে গৃহীতব্য উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী জেলার সকল সরকারি দপ্তরের প্রদত্ত সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা অতিসত্বর বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। উপজেলা পর্যায়েও অনুরূপভাবে সকল সরকারি দপ্তরের সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগের ধারণা বাস্তবায়ন করে অত্র অফিসকে অবহিত করত: গৃহীতব্য উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। স্ব-স্ব উদ্ভাবনী ধারণা দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |
| ০২. | ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা পোর্টালে দৃশ্যমান আছে কি না তা নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), বগুড়া |
| ০৩. | জেলা পর্যায়ের দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |
| ০৪. | উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া |
| ০৫. | প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া |

| | | |
|---|---|---|
| ০৬. | জেলার সকল দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ উপজেলার সকল দপ্তরের পোর্টালে সকল তথ্য যথাসময়ে হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া<br>৫। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া<br>৬। সহকারী প্রোগ্রামার (সকল), বগুড়া |
| ০৭. | এ কার্যালয়ে জনসেবার সাথে সম্পৃক্ত সকল সেবার উদ্ভাবনী ধারণা, সেবা সহজীকরণ ও প্রযুক্তিনির্ভর এবং বাস্তবায়নযোগ্য ইনোভেশন সংক্রান্ত ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৩। সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া |
| ০৮. | জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে D-nothi ব্যবহার নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৪। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া<br>৫। সহকারী প্রোগ্রামার (সকল), বগুড়া |
| ০৯. | জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে Website update নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৪। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া<br>৫। সহকারী প্রোগ্রামার (সকল), বগুড়া |
| ১০. | জেলা ও উপজেলা কমিটির ত্রৈমাসিক সভা বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার সকল, বগুড়া<br>৪। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |
| ১১. | বার্ষিক পরিকল্পনা গ্রহণ ও বাজেট প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৪। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া<br>৫। সহকারী প্রোগ্রামার (সকল), বগুড়া |
| ১২. | ই-গভর্নেন্স সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা তথ্য অফিস, বগুড়া |

২৫/০৩/২৬

(সালমা আক্তার)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বগুড়া
ফোন নম্বর: ০২৫৮৯৯০০০২৬
ইমেইল: adceduictbogura@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫০.১০০০.০২৪.০৯.০০৬.২৫.৩৫

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৩) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪) জনাব সালমা আক্তার, ইনোভেশন অফিসার, বগুড়া।
৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া।
৭) জনাব ............................................................, সদস্য, ইনোভেশন টিম, বগুড়া।

২৯/০৩/২৬

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বগুড়া